

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১০৭.৩৫.০০৭.২০২২-১৬০১

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০
০৬ আগস্ট ২০২৩

বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যমে নেতিবাচক/বিরূপ মন্তব্য পোস্ট, শেয়ার করা প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ০৯/০৭/২০২৩ তারিখে ৩৮.০১.০০০০.১০৭.৩৫.০০৭.২০২২-১১৫৫ নং স্মারক
"সোশ্যাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন" কমিটির সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে অবাধ তথ্য প্রবাহের যুগে সরকারি, বেসরকারি নির্বিশেষে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষকগণও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করেন। বর্তমানে দেখা যাচ্ছে, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে ফেসবুকে বিভিন্ন গ্রুপ ও ব্যক্তিগত আইডিতে নানা ধরনের বিভ্রান্তিমূলক কুরুচিপূর্ণ ও নেতিবাচক বিষয়ে পোস্ট, মন্তব্য, লাইক ও শেয়ার করা হচ্ছে। বিষয়টি খুবই উদ্বেগজনক এবং "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা"- ২০১৯ (পরিমার্জিত সংস্করণ), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত সংক্রান্ত পরিপত্র ও নির্দেশিকার সঙ্গে সাংঘর্ষিক বা পরিপন্থী।

২। উল্লেখ্য সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন গ্রুপে ও ব্যক্তিগত আইডিতে নেতিবাচক/বিরূপ মন্তব্য পোস্ট, শেয়ার সম্পর্কিত তথ্য/প্রতিবেদন প্রতিমাসে প্রেরণের জন্য ছকসহ পত্র প্রদান করা হয়েছিল কিন্তু বেশিরভাগ জেলা হতে তথ্য পাওয়া যাচ্ছে না, যা অত্যন্ত হতাশাজনক।

৩। এমতাবস্থায়, সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমে এর ব্যবহার সম্পর্কিত বিভাগের সমন্বিত তথ্য নিম্নোক্ত ছকে প্রতি মাসের তথ্য আবশ্যিকভাবে ১০ তারিখের মধ্যে socialmedia.dpe22@gmail.com ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম এর ব্যবহার সম্পর্কিত ছকঃ

ক্রঃ নং	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদানকৃত পোস্টের বিবরণ	সংশ্লিষ্ট ব্যক্তির নাম, পদবী, কর্মস্থল ও মোবাইল নম্বর	গৃহীত কার্যক্রম	মন্তব্য

মোঃ আব্দুল আলীম
সহকারী পরিচালক (প্রশাসন-১)

৩

আহবায়ক
সোশ্যাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ
ও উপস্থাপন কমিটি

বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় খুলনা		
<input type="checkbox"/>	সহকারী পরিচালক	গুরুত্বপূর্ণ
<input type="checkbox"/>	শিক্ষা অফিসার	জরুরী
<input type="checkbox"/>	সিস্টেম এনালিস্ট	সংরক্ষণ/নথিতে পেশ
<input type="checkbox"/>	কম্পিউটার অপারেটর	সংরক্ষণ/নথিতে পেশ
<input type="checkbox"/>	স্টেনোগ্রাফার	সংরক্ষণ/নথিতে পেশ
<input type="checkbox"/>	অফিস সহকারী	সংরক্ষণ/নথিতে পেশ
<input type="checkbox"/>	ডাটা এন্ট্রি অপারেটর	সংরক্ষণ/নথিতে পেশ

বিতরণঃ

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বাজশাহী/ময়পুর/ময়মনসিংহ/বরিশাল/সিলেট বিভাগ। (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত এবং জেলা হতে তথ্য সংগ্রহ করে সমন্বিত তথ্য প্রেরণ করার অনুরোধসহ)

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)। (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)

৩ সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)। জেলার সোশ্যাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন কার্যক্রম।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা।
www.dpe.khulnadiv.gov.bd

স্মারক নং- ৩৮.০১.৪০০০.০০০.৩১.০১৮.২২-১৩৩/২৪২

তারিখ : ২২ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
০৬ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), খুলনা বিভাগ, খুলনা। মূলপত্রে বর্ণিত নির্দেশনা তাঁর আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিতকর। সহ প্রতি মাসের ০৮ তারিখের মধ্যে সংযুক্ত ছকে (ওয়ার্ডকপি ও হার্ডকপি) তথ্য অত্রদপ্তরে প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), খুলনা বিভাগ, খুলনা। মূলপত্রে বর্ণিত নির্দেশনা তাঁর আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিতকর। সহ প্রতি মাসের ০৮ তারিখের মধ্যে সংযুক্ত ছকে (ওয়ার্ডকপি ও হার্ডকপি) তথ্য অত্রদপ্তরে প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার(সকল), খুলনা বিভাগ, খুলনা।
- ৫। ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল), খুলনা বিভাগ, খুলনা।
- ৬। সংরক্ষণ নথি।


১৬/০৮/২০২১

(মহা. ফজলে রহমান)

সহকারী পরিচালক

প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা

ফোন: ০২৪৪১১০৮১৮

E-Mail: ddkhuln@gmail.com

